সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১০১

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৮. তাকবীর (তাহরীমা) বলা এবং নামাযের শুরুতে, রুকূতে যেতে ও রুকূ থেকে। উঠতে উভয় হাত (উপরে) উঠানো এবং এর পরিমাণ ও এ সম্পর্কিত হাদীসসমূহের বিভিন্নতা

بَابُ ذِكْرِ التَّكْبِيرِ وَرَفْعِ الْيَدَيْنِ عِنْدَ الافْتِتَاحِ وَالرُّكُوعِ وَالرَّفْعِ مِنْهُ ، وَقَدْرِ ذَلِكَ ، وَاخْتِلافِ الرِّوَايَاتِ

আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ إِبْرَاهِيمَ بْنِ مِشْكَانَ الْمَرْوَزِيُّ ، نَا عَبْدُ اللَّهِ بْنُ مَحْمُودٍ ، ثَنَا عَبْدُ الْكَرِيمِ بْنُ عَبْدِ اللَّهِ ، عَنْ وَهْبِ بْنِ زَمْعَةَ ، عَنْ سُفْيَانَ بْنِ عَبْدِ الْمَلِكِ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الْمُبَارَكِ ، قَالَ : لَمْ يَثْبُتْ عِنْدِي حَدِيثُ ابْنِ مَسْعُودٍ : " أَنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ رَفَعَ يَدَيْهِ أَوَّلَ مَرَّةٍ ثُمَّ لَمْ يَرْفَعْ " . وَقَدْ ثَبَتَ عِنْدِي حَدِيثُ مَنْ يَرْفَعُ يَدَيْهِ إِذَا رَكَعَ ، وَإِذَا رَفَعَ . قَالَ ابْنُ الْمُبَارَكِ : ذَكَرَهُ عُبَيْدُ اللَّهِ الْعُمَرِيُّ ، وَمَالِكٌ ، وَمَعْمَرٌ ، وَسُفْيَانُ ، وَيُونُسُ ، وَمُحَمَّدُ بْنُ أَبِي حَفْصَةَ ، عَنِ الزُّهْرِيِّ ، عَنْ سَالِمٍ ، عَنْ أَبِيهِ ، عَنِ النَّبِيِّ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

বাংলা

১১০১(২০). আবু সাঈদ মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ আল-মারওয়াযী (রহঃ) ... আবদুল্লাহ ইবনুল মুবারক (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমার মতে ইবনে মাসউদ (রাঃ)-এর নিম্নোক্ত হাদীস প্রমাণিত নয় : “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রথমবার তাঁর দুই হাত উপরে উত্তোলন করতেন, তারপর আর উত্তোলন করতেন না।” আমার নিকট সেই ব্যক্তির হাদীস প্রমাণিত যাতে আছে : “তিনি যখন রুকূ করতেন এবং যখন রুকূ থেকে তার মাথা উঠাতেন তখনও তার দুই হাত উপরে উত্তোলন করতেন”। ইবনুল মুবারক (রহঃ) বলতেন, উবায়দুল্লাহ আল-উমারী, মালেক, মা’মার, সুফিয়ান, ইউনুস (রহঃ) ও মুহাম্মাদ ইবনে আবু হাফসা (রহঃ) এই হাদীস আয-যুহরী-সালেম-তার পিতা-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনুল মুবারাক (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80890

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন